

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*স-৪৪৪৪ (আগরতলা ২০-০৩-২০১৭)

ধর্মনগর, ২০ মার্চ, ২০১৭

ভক্তিপ্রভা সংগীতানুষ্ঠান সমাপ্ত

সংগীত নাটক একাডেমীর উত্তর-পূর্বাঞ্চল কেন্দ্রের উদ্যোগে তথ্য ও সংস্কৃতি দপ্তর এবং ধর্মনগর পুর পরিষদের সহযোগিতায় আয়োজিত তিনদিনের ভক্তিপ্রভা সংগীতানুষ্ঠান ১৮-মার্চ শেষ হয়েছে। গত ১৬ মার্চ থেকে ধর্মনগর বিবেকানন্দ সার্থশতবার্ষিকী ভবনে এই অনুষ্ঠান শুরু হয়েছিল। তিনদিনের অনুষ্ঠানে রাজ্যের ৭টি সাংস্কৃতিক দল সহ আসাম, মেঘালয়, মণিপুর, মিজোরাম, সিকিম ও অরুণাচল প্রদেশের মোট ১৮টি সাংস্কৃতিক দলের দুই শতাধিক শিল্পী তাদের চিরাচরিত ঐতিহ্যবাহী সংগীত নৃত্য পরিবেশন করেন। সমাপ্তি অনুষ্ঠানে বক্তব্য রাখেন সংগীত নাটক একাডেমীর উত্তর-পূর্বাঞ্চল গুয়াহাটি কেন্দ্রের অধিকর্তা রাজু দাস ও আগরতলা কেন্দ্রের রজত গাঙ্গুলী। উপস্থিত ছিলেন প্রাক্তন বিধায়ক অমিতাভ দত্ত, ধর্মনগর পুর পরিষদের ভাইস চেয়ারপার্সন মানিক লাল নাথ, সংগীত নাটক একাডেমীর কর্মকর্তা দীপক যোশী, সাংস্কৃতিক ব্যক্তিত্ব কানাই লাল দত্ত, তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহ অধিকর্তা দেবশীষ নাথ।

\*\*\*\*

This document was created by  
Smart PDF Converter  
To remove this message purchase the  
product at [www.SmartPDFConverter.com](http://www.SmartPDFConverter.com)